140

দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 29 1999
পৃঃ ২৪ কলাম ৭

# এক মাসেও বুয়েট খুলিল না ॥ তদন্ত রিপোর্ট দেওয়া হইবে কবে ?

আনোয়ার আলদীন ॥ একটানা দীর্ঘ একমাস অতিক্রান্ত হইলেও প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) খোলার কোন সম্ভাবনা দেখা যাইতেছে না। গত ২৫ ও ২৬শে এপ্রিল বুয়েটে ভাংচুরযজ্ঞের পর গঠিত তদন্ত কমিটি এই একমাসেও রিপোর্ট দিতে পারে নাই। বুয়েটের কর্তৃপক্ষ সূত্রে জানা গিয়াছে, এই তদন্ত রিপোর্টের ভিত্তিতে শৃঙ্খলা পরিষদ দায়ী ছাত্রদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণ করিবে এবং তাহার পরই কেবল বুয়েটের বন্ধ দুয়ার খোলার সম্ভাবনা রহিয়াছে। জানা গিয়াছে, ক্লাস টেষ্টে নকলের দায়ে সলিমুল্লাহ দীপু নামে এক ছাত্রকে ১ বছরের জন্য বুয়েট হইতে বহিষ্কারের পর দুই শতাধিক ছাত্র বুয়েটে ভাংচুরযজ্ঞ চালায়। তাহাদের মূল উদ্দেশ্য ছিল

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## একমাসেও বুয়েট

(শেষ পৃষ্ঠার পর)

পরীক্ষা পিছানো ও ক্রিকেট খেলা দেখার জন্য বুয়েট বন্ধ রাখা।

ভাংচুরের পর যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর অমলেশ চন্দ্র মন্ডলের নেতৃত্বে ৬ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এ কমিটির গতি এতই মন্থর যে, একমাসেও রিপোর্টের কুলকিনারা করিতে পারে নাই। অমলেশ চন্দ্র তদন্ত কাজ ফেলিয়া ব্যক্তিগত বিষয় নিয়া ব্যস্ত সময় কাটাইতেছেন। ফলে তদন্ত রিপোর্ট সহসা আলোর মুখ দেখার সম্ভাবনা কম। বুয়েট না খোলায় ৪ সহস্রাধিক বুয়েট ছাত্রের ভবিষ্যৎ শিক্ষা জীবন প্রায় অনিশ্চিত। ভিসি প্রফেসর নূরউদ্দিন আহমদ সম্প্রতি প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাৎ করিয়া বুয়েটের পরিস্থিতি ব্যাখ্যা করিয়াছেন।